



WEST BENGAL STATE UNIVERSITY  
B.A. General Part-II Examination, 2019

বাংলা

দ্বিতীয় পত্র



সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান: ১০০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।  
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

১। মাথুর কাকে বলে ? এই পর্যায়ের পাঠ্য পদগুলির কাব্য সৌন্দর্যের আলোচনা প্রসঙ্গে কবির কৃতিত্বের পরিচয় দাও। ৪+৬+৫

অথবা

‘মন্দির বাহির কঠিন কপাট’

১+১+৫+৮

— কোন্ পর্যায়ের পদ ? পদকর্তা কে ? উক্ত পর্যায়ের সংজ্ঞা বৈশিষ্ট্য আলোচনা করে, শ্রেষ্ঠ কবির কৃতিত্ব নিরূপণ করো।

২। ‘ভূ-তলে অতুল সভা স্ফটিকে গঠিত’ – এখানে কোন্ রাজসভার কথা বলা হয়েছে ? তাঁর ঐশ্বর্য ও সৌন্দর্য বর্ণনা প্রসঙ্গে কবির শিল্প নৈপুণ্য বিচার করো। ১+৮+৬

অথবা

‘মেঘনাদবধ’ কাব্যের প্রথম সর্গের পরিকল্পনায় মধুসূদন দত্তের কবিকৃতির মূল্যায়ন করো। ১৫

৩। “বেতন পঁচিশ টাকা  
সদাগরি আপিসের কনিষ্ঠ কেরানি।”

উক্তিটি কার সম্পর্কে করা হয়েছে ? কোন্ কবিতার অংশ এটি ? আলোচ্য কবিতায় কেরানির জীবন চিত্র কতখানি সার্থকভাবে চিত্রিত হয়েছে দেখাও।

অথবা

‘প্রথম পূজা’ কবিতায় অস্পৃশ্যতা ও অমানবিকতার বিরুদ্ধে কবির প্রচ্ছন্ন প্রতিবাদ কীভাবে অভিব্যক্ত হয়েছে, তা বুঝিয়ে দাও। ১৫

৪। “আমার ভারতবর্ষ / পঞ্চাশ কোটি নগ্ন মানুষের” – কোন্ কবির কোন্ কবিতার অংশ ? কবিতার বিষয়বস্তু অনুসরণে কবির স্বদেশানুরাগের পরিচয় দাও। ১৫

অথবা

“শহর-গঞ্জ-খেত-খামারে

১৫

ঘুমিয়ে আছে দেশটা যখন, রাত্রিবেলা

খুলেছ মানচিত্র খানি।”

— কবি দেশকে যে আবেগে দেখতে চান, কবিতাটির বিষয়বস্তু ও মর্মার্থ বিশ্লেষণ করে তার পরিচয় দাও।

৫। নীচে উদ্ধৃত অংশগুলির পরিচয় ও প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো।

৫×৪ = ২০

(ক)

বহুদিন পরে বঁধুয়া এলে,  
দেখা না হইত পরাগ গেলে।

অথবা

“অভিনব হেম কল্পতরু সঞ্চর  
সুরধুনী-তীরে উজোর।।  
চঞ্চল চরণ কমল-তলে বাঙ্কর  
ভকত-ভ্রমরগণ ভোর।”

(খ)

“ক্ষত বক্ষস্থল মম, দেখ, নৃপমণি  
রিপু-প্রহরণে, পৃষ্ঠে নাহি অস্ত্র লেখা।”

অথবা

“তুরায় আমি আসিব ফিরিয়া  
কল্যাণী, সমরে নাশি, তোমার কল্যাণে  
রাঘবে।”

(গ)

“মার খায় দমাদম  
গাল খায় অজস্র,  
ছাড়া পেলেই আবার দেয় দৌড়া।”

অথবা

“কিন্তু তুমি যার কথা লিখবে  
তাকে জিতিয়ে দিয়ো আমার হয়ে,” —

(ঘ)

“তারপর কত চন্দ্রভুক অমাবস্যা চলে গেল কিন্তু সেই বোষ্টুমি  
আর এলো না,  
পঁচিশ বছর প্রতীক্ষায় আছি।” —

অথবা

“সূর্য ওঠে; হলুদ আলো সবুজ ধানে —  
কিন্তু দুর্দিন এল, একি দুর্দিন এল।”

৬। উদাহরণসহ দলবৃত্ত (স্বরবৃত্ত) ছন্দের স্বরূপ ও বৈশিষ্ট্য আলোচনা করো।

১২

অথবা

উদাহরণসহ যে-কোনো তিনটি বিষয়ে আলোচনা করোঃ  
অতিপর্ব, কলা, দল, চরণ, যতি, মাত্রা।

৪×৩ = ১২



৭। নিম্নলিখিত যে-কোনো দুটি উদ্ধৃতির ছন্দোলিপি নির্ণয় করোঃ

(ক) আমি ক্লাস্ত প্রাণ এক চারিদিকে জীবনের সমুদ্র সফেন  
আমারে দু'দণ্ড শান্তি দিয়েছিল নাটোরের বনলতা সেন।

৪×২ = ৮

(খ) মেঘ মুলুকে ঝাপসা রাতে  
রামধনুকের আবছায়াতে  
তাল বেতালে খেয়ালা সুরে  
তান ধরেছি কণ্ঠ পুরে।

(গ) আজি রজনীর স্বপ্ন শঙ্কা সন্মোহ ঘন  
এই নির্মম বাঙলায়,  
কল্য প্রভাত ভরিয়া উঠিবে  
আমলায় আর গামলায়।

(ঘ) চিত্ত যেথা ভয়শূণ্য উচ্চ যেথা শির  
জ্ঞান যেথা মুক্ত, যেথা গৃহের প্রাচীর  
আপন প্রাঙ্গণতলে দিবস শর্বরী  
বসুধারে রাখে নাই খণ্ড ক্ষুদ্র করি।

(ঙ) গগনে অব ঘন মেহ দারুণ  
সঘনে দামিনী চমকই।  
কুলিশ পাতন শব্দ ঝনঝন  
পবন খরতর বলগই।।

—x—